

ইডেন মহিলা কলেজ, ঢাকা

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়ামিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়ামিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকায় ভর্তি আগামী ২৯/০১/২০১৭ ইং তারিখ থেকে ০৮/০২/২০১৭ তারিখ পর্যন্ত চলবে। চূড়ান্ত ভর্তির ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd/admissions) থেকে পূরণকৃত অবস্থায় A4 সাইজ অফসেট মাদা কাগজে দুই কপি প্রিন্ট করে নিজ নিজ বিভাগে *সেমিনার ফি (বিভাগে প্রদেয়) এম.এ/এম.এস.এস/এম.বি.এস - ৪০০/- এম. এস, সি-৫৫০/- প্রদান পূর্বক ভর্তির রশিদ এবং ক্লাস রোল সংগ্রহ করে নির্ধারিত ফিসের টাকা (যার জন্য যা প্রয়োজ্য) শিওরক্যাশ-এ জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভর্তি হতে হবে।

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়ামিত) প্রোগ্রামের ক্লাস ১২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ থেকে শুরু হবে।

আই.সি.টি কোর্স গ্রহণ

আই.সি.টি কোর্স (বিষয় কোড: ৬৬৬৬) মাস্টার্স শেষ পর্বের একটি নন-ক্রেডিট কোর্স। এই কোর্সের প্রায় নব্বয় মাস্টার্সের মূল ফলাফলকে প্রভাবিত করে না। এটি এক বছরের ডিপ্লোমা কোর্সের সমতুল্য। জাতীয় বিশ্ববিদ্যালয় এর জন্য পৃথক সার্টিফিকেট ইস্যু করে। এই সার্টিফিকেট দিয়ে বেসরকারী নিবন্ধন কর্তৃক্ষের পরীক্ষা পাশ সাপেক্ষে বেসরকারী স্কুল ও কলেজে আই.সি.টি. শিক্ষক হিসাবে নিয়োগ লাভের যোগ্যতা অর্জন করা যায়। বাস্তব জীবনে এবং যে কোন কর্মক্ষেত্রে আই.সি.টি জ্ঞান ও সার্টিফিকেটের গুরুত্ব ও গ্রহণযোগ্যতা অনেক বেশী। এ সকল বিষয় বিবেচনায় রেখে মানকোত্তর শেষ পর্বে ভর্তির সময় আই.সি.টি. কোর্স গ্রহণ করার জন্যে শিওরক্যাশ- এর মাধ্যমে আই.সি.টি.সহ টাকা জমা দেওয়ার জন্য অবহিত করা হল।

ইডেন মহিলা কলেজের ওয়েব সাইটে তথ্য পূরণ:

বিভাগে ভর্তি হওয়ার পর ইডেন মহিলা কলেজের ওয়েব সাইটের (www.emc.edu.bd) মাস্টার্স স্টুডেন্ট রেজিস্ট্রেশন লিংকে ক্লিক করে তথ্য ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ শেষে সেইভ করার পূর্বে ছাত্রীরা তাদের ইউজার নেইম ও পাসওয়ার্ড সংরক্ষণ করবে।

ভর্তি ফিস ও জমা দেয়ার বিবরণ

বিভাগ সমূহ	টাকার পরিমাণ (আই.সি.টি ছাড়া)	টাকার পরিমাণ (আই.সি.টি সহ)	জমা নিয়মাবলী
বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলাম ইতিহাস, অর্থনীতি, দর্শন, ইসলামী শিক্ষা, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স, ব্যবস্থাপনা, মার্কেটিং	৩৪৫০/-	৬৩৫০/-	শিওরক্যাশ এর পেমেন্ট কী-ওয়ার্ড হলো : EDENA Admissions Roll প্রদান করে পেমেন্ট সম্পন্ন করতে হবে।
গার্হস্থ্য অর্থনীতি, পদার্থ, রসায়ন, গণিত উদ্ভিদ, প্রাণিবিদ্যা, ভূগোল, মনোবিজ্ঞান,	৩৫৫০/-	৬৪৫০/-	শিওরক্যাশের যেকোন এজেন্ট পরেন্ট অথবা ব্যক্তিগত শিওরক্যাশ এ্যাকাউন্ট থেকে পেমেন্ট করা যাবে।

প্রয়োজনীয় কাগজপত্রভর্তির মূল ফরমের সাথে সংযুক্ত করতে হবে

- শিওর ক্যাশ থেকে প্রাপ্ত Transaction ID, Mobile No. PIN Code ভর্তির ফরমের উপর লিখতে হবে।
- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক / সমমানের পরীক্ষার মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক / সমমানের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
- স্নাতক(সম্মান)/ স্নাতক(পাস) ও স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষার মূল নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
- স্নাতক(সম্মান)/ স্নাতক(পাস) ও স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
- চার কপি পাসপোর্ট সাইজ এবং চার কপি স্ট্যাম্প সাইজ ছবি।

** আই.সি.টি কোর্স যারা লিখে শিওরক্যাশ থেকে প্রাপ্ত Transaction ID, Mobile No. PIN Code ভর্তির ফরমের উপর লিখতে হবে এবং এর এক সেট ফটোকপি আই.সি.টি বিভাগে জমা দিবে।

বিভাগীয় কার্যক্রম

ক) বিভাগীয় শিক্ষক কর্তৃক ভর্তি ফরম যাচাই বাছাই করার পর বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষ মহোদয় ফরমের নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন।


খ) ইডেন মহিলা কলেজের ওয়েব সাইটের (www.emc.edu.bd) মাস্টার্স রেজিস্ট্রেশন লিংকে ক্লিক করে তথ্য ফরম পূরণ করার জন্য পাঠাতে হবে। ছাত্রীরা পূরণকৃত ফরমের একটি প্রিন্ট কপি (A4 সাইজে) বিভাগে জমা দিবে। ইডেন মহিলা কলেজের ওয়েব সাইটের প্রিন্ট কপি বিভাগ সংরক্ষণ করবে। পরবর্তীতে পাঠিয়ে কপিটি বিভাগ থেকে তা সংগ্রহ করবে।


গ) স্বাক্ষরিত ফরম ছাত্রীরা স্ব স্ব বিভাগ থেকে ফেরত নিয়ে ২ সেট ফটোকপি করে মূল ফরম সেট সহ (তিন সেট) সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার পর ভর্তির কার্যক্রম শেষ হবে।

ঘ) বিভাগ প্রতিদিন ডাটা এন্ট্রির জন্যে স্বাক্ষরিত মূল ফরমসহ ১ সেট ভর্তি কমিটির নিয়ন্ত্রন কক্ষে (বেলা ২ টায়) জমা দিবে।

ঙ) ডাটা এন্ট্রির পর ফরম ভর্তি কমিটির নিয়ন্ত্রন কক্ষ থেকে ফেরত নিয়ে রোল নম্বর অনুসারে মার্চিয়ে ১৩/০২/২০১৭ তারিখে বেলা ১২ টার মধ্যে মূল ফরমসহ ১ সেট ভর্তি কমিটির নিয়ন্ত্রন কক্ষে, ১ সেট কলেজ অফিসে (ক্যাশ শাখায়) জমা দিবে এবং ১ সেট বিভাগ সংরক্ষণ করবে।

চ) ভর্তি কমিটি থেকে প্রদত্ত মেধাতালিকায় বিভাগ কর্তৃক প্রদেয় রোল নম্বর লিখে রাখতে হবে। পরবর্তীতে ভর্তি কমিটির নির্দেশ মোতাবেক কমিটি থেকে প্রেরণকৃত ছকে পূরণ করে জমা দিতে হবে।


প্রফেসর গায়ুকী চ্যাটার্জী
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।


আইনবায়ক
মাস্টার্স শেষ পর্ব ২০১৪-২০১৫ ভর্তি কমিটি
ইডেন মহিলা কলেজ, ঢাকা।